

স্মারক নং: ডেসকো/সিই (এসএন্ডডি)/২০১৪/৪২

৮ বৈশাখ ১৪২১ বঙ্গাব্দ
তারিখ: -----
২১ এপ্রিল ২০১৪ ইং

আন্তঃ অফিস স্মারক

S & D Dakshinkhan Division
D E S C O
Received No. ০৫৭৭
Date ২৩/০৪/২০১৪

প্রতিঃ **নির্বাহী প্রকৌশলী** (আগারগাঁও /পল্লবী /কাফরুল /শাহআলী /রূপনগর /মনিপুর /গুলশান /বারিধারা /বাড্ডা /জোয়ারসাহারা /উত্তরা (পূর্ব)/ উত্তরা (পশ্চিম)/উত্তরখান/পশ্চিমখান/টঙ্গী (পূর্ব)/টঙ্গী (পশ্চিম), টেপ্টিং এ্যান্ড রিপেয়ারিং)।


হইতেঃ প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন)।

বিষয়ঃ মিটারে পেপার সীল ব্যবহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডেসকো কর্তৃক সম্প্রতি ক্রয়কৃত সীলে কারিগরী ত্রুটি থাকার কারণে উক্ত সীলসমূহ ব্যবহার না করার জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক পরামর্শ প্রদান করা হয়েছে। এদিকে সীলের মজুদ শূন্য হয়ে যাওয়ায় মিটার সীল করণের অভাবে সংযোগ প্রদান বন্ধ রাখা হয়েছে। সাময়িক এ সংকট নিরসনের পূর্ব পর্যন্ত ডেসকো'র গ্রাহক সেবা যাতে বিঘ্নিত না হয়, সেজন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পেপার সীল ব্যবহারের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করেছেন। অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসাবে পেপার সীল ব্যবহারে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে :

- ১) প্রতিটি পেপার সীলে বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী এবং তার মনোনীত পদ্ধতি পরিচালন ও বাণিজ্যিক পরিচালন শাখার ০১ (এক) জন করে ০২ (দুই) জন কর্মকর্তার স্বাক্ষর প্রদান করতে হবে, এ কাজে পাতলা Tracing Paper ব্যবহার করা হবে।
- ২) স্বাক্ষর সম্বলিত সীলে নামারিং করা - এ কাজে Auto Scrolling Machine ব্যবহার করা।
- ৩) কেন্দ্রীয় মিটার টেপ্টিং ল্যাবে টেস্টকৃত মিটারের ক্ষেত্রে টেপ্টিং এ্যান্ড রিপেয়ারিং বিভাগের নির্বাহী প্রকৌশলী এবং তার মনোনীত ০২ (দুই) জন কর্মকর্তার স্বাক্ষরিত পেপার সীল প্রযোজ্য হবে।
- ৪) পেপার সীল সমূহ যথাযথ রেজিষ্টারে লিপিবদ্ধ করণ এবং নতুন সীল প্রাপ্তি সাপেক্ষে পেপার সীলসমূহ অক্ষুন্ন রেখে স্ব-স্ব বিভাগ কর্তৃক জরুরী ভিত্তিতে পুনঃসীলকরণ।

অদ্য ২১.০৪.২০১৪ ইং তারিখ জনাব সনাতন দত্ত, নির্বাহী প্রকৌশলী, মনিটরিং সেল, জনাব মোহাম্মদ হাফিজ আল আসাদ, উপ-বিভাগীয় প্রকৌশলী, টেপ্টিং এ্যান্ড রিপেয়ারিং বিভাগ সহ নিম্নস্বাক্ষরকারী কর্তৃক সকল বি ও বি বিভাগের মিটার টেপ্টার/সহকারী মিটার টেপ্টারদের নিয়ে পেপার সীল করণ পদ্ধতি নিয়ে বিষদ আলোচনাসহ বাস্তব প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।


(নূরুমাছম্মদ)
প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন)

ও
অতিরিক্ত দায়িত্ব
প্রধান প্রকৌশলী (নেটওয়ার্ক অপারেশন)।

অনুলিপিঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো।
- ২। নির্বাহী পরিচালক (অপারেশন/সংগ্রহ/অর্থ ও হিসাব), ডেসকো।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (উত্তরা/মিরপুর/গুলশান জোন/আইসিটি) : অবগতি ও কার্যকরী ব্যবস্থা নিশ্চিত করণের জন্য।
- ৪। অফিস কপি।

সদয় অবগতির জন্য।